"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

## ডিসেম্বর/২০১৮ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৬৩তম সভা)

সভাপতি ঃ জনাব মোঃ হাফিজুর রহমান তালুকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দিরাই
সভার তারিখ ও সময় ঃ ১৩/১২/২০১৮ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে)

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। অত:পর সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>বিষয়</th><th>আলেচনা ও সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>(১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
<tr><td>(২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত নভেম্বর/১৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ:
<table>
<tr><th colspan="3">আয়</th><th colspan="3">ব্যয়</th></tr>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>১</td><td>সাব-রেজিষ্টার হতে প্রাপ্ত ১%</td><td>২,৮৯,৬৭৩/৭০</td><td>১.</td><td>চেয়ারম্যানত্রয়ের অক্টোবর /১৮ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া</td><td>৯৯,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>ব্যাংক বিবরণী মতে প্রাপ্ত</td><td>৮১,১৫০/-</td><td>২.</td><td>অফিস সহায়কদ্বয়ের ও মালি/সুইপারের অক্টোবর/১৮ মাসের বেতন</td><td>১৯,২২০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৩.</td><td>উপজেলা পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিকের অক্টোবর/১৮ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান</td><td>১৫১২/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৪.</td><td>উপজেলা পরিষদের ২০১৮-১৯ অর্থ বছরের ভূমি উন্নয়ন কর প্রদান</td><td>১২,২৭০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৫.</td><td>উপজেলা পরিষদের মালিকানাধীন রজনীগন্ধা ভবনের ২য় তলার পশ্চিম পার্শ্বের ফ্লাট রং করন কাজের বিল প্রদান</td><td>১৭,৮২৫/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৬.</td><td>মন্টু লষ্করকে উপজেলা পরিষদের মালিকানাধীন ডরমিটরী ভবনের সেফট্রিক টেংকি পরিস্কার ও ডাইনিং রুমে ফ্যান স্থাপন কাজের বিল</td><td>১০,৭৫০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৭.</td><td>উপজেলা পরিষদের ক্যাম্পাসের ২টি নলকূপ মেরামত কাজের বিল প্রদান</td><td>১৭,৫৪০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৮.</td><td>মন্টু লষ্করকে উপজেলা পরিষদের মালিকানাধীন প্রশাসনিক ভবনের সেফট্রিক টেংকি পরিস্কার ও মেরামত</td><td>২৫,০০০/-</td></tr>
</table></td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | কাজের বিল প্রদান | |
| | | | ৯. | চেয়ারম্যানত্রয়ের নভেম্বর /১৮ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৯৯,০০০/- |
| | | | ১০. | অফিস সহায়কদ্বয়ের ও মালি/সুইপারের নভেম্বর/১৮ মাসের বেতন | ১৯,২২০/- |
| | | | ১১. | উপজেলা পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিকের নভেম্বর/১৮ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান | ১৫১২/- |
| মোট আয়- | | ৩,৭১,২৫৮/৭০ | | মোট ব্যয়- | ৩,২২,২২৯/- |
| পূর্ব মাস হতে আগত তহবিল | | ১৪,৬৯,৮৭০/৬৫ | | সর্ব মোট ব্যয় = | ৩,২২,২২৯/- |
| সর্ব মোট আয় = | | ৩,৭১,২৫৮/৭০ | | | |
| সমাপনী স্থিতি = ১৫,১৮,৯০০/৩৫ | | | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের বিগত নভেম্বর/১৮ মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| | | |
|---|---|---|
| (৩) বিবিধ | (ক) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় স্থানীয় সরকার প্রকৌশলীর কার্যালয়, দিরাই, সুনামগঞ্জ এর স্মারক নং- ৪৬.০২.৯০২৯.০০০.০১.০২৯.১৮-১১৫৭, তারিখ- ১২/১২/২০১৮খ্রিঃ পত্রখানা সভায় উপস্থাপন করেন। পত্র দৃষ্টে দেখাযায় জনাব মোঃ নুরুল ইসলাম, অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর, স্থানীয় সরকার প্রকৌশলীর কার্যালয়, দিরাই, সুনামগঞ্জ; তিনি উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী কর্তৃক পরিচালিত দিরাই শ্যামারচর বাজারে 'মহিলা বিপনী কেন্দ্র ভাড়া (UNO, ENG)' সোনালী ব্যাংক লিঃ দিরাই শাখাতে ১টি চলতি হিসাব পরিচালিত হচ্ছে যার হিসাব নং ৫৯০৩০০০০০৫৪৫১। দোকান গ্রহীতাগণের নিকট হতে সরকারি পাওনা বাবদ দোকান ভাড়ার নগদ অর্থ রসিদের মাধ্যমে জনাব মোঃ নুরুল ইসলাম আদায় করেন। উক্ত ব্যাংক হিসাব বিবরণী মোতাবেক জনাব মোঃ নুরুল ইসলাম মহিলা বিপনী কেন্দ্রের সরকারি পাওনা বাবদ সর্বমোট- ২,৭৮,০০০/-(দুই লক্ষ আটাত্তোর হাজার) টাকা আদায় করে সংশ্লিষ্ট হিসাব নম্বরে মাত্র ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জমা প্রদান করেন। এর প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী বিগত- ২৯/১১/২০১৮খ্রিঃ তারিখে ১১১৮নং স্মারকে কৈফিয়ত তলব করেন টাকা জমা প্রদানের জন্য ০৫(পাঁচ) কর্ম দিবস সময় দেন এবং ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য পত্র দেন। কিন্তু জনাব মোঃ নুরুল ইসলাম বিগত- ০৩/১২/২০১৮খ্রিঃ তারিখে মাত্র ১০,০০০/- (দশ হাজার) টাকা সংশ্লিষ্ট হিসাবে জমা দেন অবশিষ্ট ২,১৮,০০০/- (দুই লক্ষ আঠারো হাজার) টাকা অদ্য ১২/১২/২০১৮খ্রিঃ পর্যন্ত জমা দেন নাই এবং কৈফিয়ত তলবেরও কোন প্রকার লিখিত জবাব দাখিল করেন নাই। এমতাবস্তায় অবশিষ্ট ২,১৮,০০০/- (দুই লক্ষ আঠার হাজার) টাকা আগামী- ০৩(তিন) কর্মদিবসের মধ্যে অর্থাৎ আগামী- ১৮/১২/২০১৮খ্রিঃ তারিখের মধ্যে জমা প্রদান সহ ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য পুনরায় পত্র দেয়া হয়েছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন জনাব মোঃ নুরুল ইসলাম তিনি ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় দরপত্রের সিডিউল বিক্রয়লব্ধ অর্থ সর্বমোট ৫,৫০,৩০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার তিনশত) টাকার মধ্যে সংশ্লিষ্ট তহবিলে মাত্র ৩,৯০,০০০/- (তিন লক্ষ নব্বই হাজার) টাকা জমা প্রদান করেছেন। অবশিষ্ট ১,৬০,৩০০/- (এক লক্ষ ষাঁট হাজার তিনশত) টাকা তিনি সংশ্লিষ্ট তহবিলে জমা না করে আত্নসাৎ করায় তাকে কৈফিয়ত তলব করা হয়। বিষয়টি নিয়ে বিগত ০৯/০৮/২০১৮ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভায় জনাব মোঃ নুরুল ইসলামের বিরোদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দিরাইকে সর্বসম্মতিক্রমে অনুরোধ করা হয়েছিল। তার বিষয়ে বিভাগীয় কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা উপজেলা প্রকৌশলীর নিকট জানতে চান এবং একই ঘটনার পূনরাবৃত্তি করার জন্য জনাব মোঃ নুরুল ইসলাম বিরোদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি, ১৯৮৫ এর ধারা মোতাবেক দায়িত্বহীনতা; অদক্ষতা ও দূর্নীতিপরায়নতার দায়ে বিভাগীয় ব্যবস্তা গ্রহণ করা প্রয়োজন। উপস্থিত সকলে এই বিষয়ে একমত পোষন করেন। উপজেলা প্রকৌশলী, দিরাই জানান পূর্বের দরপত্র সিডিউল বিক্রয়লব্ধ- ১,৬০,৩০০/- (এক লক্ষ ষাঁট হাজার তিনশত) টাকা চার কিস্তিতে সংশ্লিষ্ট হিসাব নং জমা দিয়েছেন এবং বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি গত- ০২/১২/২০১৮খ্রিঃ তারিখে ১১২৪ নং স্মারকে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ মহোদয়ের বরাবরে পত্র দিয়েছেন মর্মে জানান। বিষয় দু'টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সিদ্ধান্ত ঃ মহিলা বিপনী কেন্দ্রে ভাড়া বাবদ প্রাপ্ত- ২,১৮,০০০/- (দুই লক্ষ আঠারো হাজার) টাকা দ্রুত সংশ্লিষ্ট তহবিলে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দায়ি ব্যক্তির বিরোদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি, ১৯৮৫ এর ধারা মোতাবেক দায়িত্বহীনতা; অদক্ষতা ও দূর্নীতিপরায়নতার দায়ে আবারও বিভাগীয় ব্যবস্তা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী, দিরাইকে সভার পক্ষ থেকে অনুরোধ জানানোর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী দিরাই। |

| | | |
|---|---|---|
| | (খ) উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধীন হাসনাহেনা ভবনের দরজা-জানালা মেরামত কাজে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> উপজেলা পরিষদের মালিকানাধীন হাসনাহেনা ভবনের দরজা-জানালা মেরামত কাজের ব্যয়িত ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা 'পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (গ) উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই সভায় জানান প্রত্যেক বছরের ন্যায় এই বছরও উপজেলা পরিষদের অর্থায়নে এবং উপজেলা যুব উন্নয়ন অফিসের আয়োজনে বেকার যুব-যুবতিদের অংশগ্রহণে কম্পিউটার প্রশিক্ষণের জন্য আর্থিক বরাদ্দ প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> উপস্থাপিত প্রস্তাব/সুপারিশটি যাচাই বাছাই করার জন্য উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটি'তে প্রেরনের সর্বসিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাছাই কমিটি, দিরাই |
| | (ঘ) উপজেলা সমাজ সেবা অফিসার, দিরাই সভায় জানান ২০১৮-১৯ অর্থ বছরের সকল ভাতা ভোগিদের তালিকা দ্রুত সময়ের মাঝে তার নিকট প্রেরণর জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ জানান।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> **চলতি** ২০১৮-১৯ অর্থ বছরের সকল ভাতা ভোগিদের নামের তালিকা ও ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণীসহ দ্রুত সময়ের মাঝে উপজেলা সমাজ সেবা অফিসার, দিরাইয়ের নিকট প্রেরণর জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঙ) উপজেলা সমবায় অফিসার, দিরাই সভায় জানান বিগত ২৫ নভেম্বর, ২০১৮ জাতীয় সমবায় দিবস যথাযথ মর্যাদায় অত্র উপজেলায় উৎযাপন করা হয়েছে । উক্ত দিবস উৎযাপনে সরকারি যে পরিমাণ অর্থ বরাদ্দ প্রদান করা হয় তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। বিধায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক অনুদান হিসেবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা পাওয়ার জন্য অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> জাতীয় সমবায় দিবস, ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাই কে আর্থিক অনুদান হিসেবে ৩,০০০/- (তিন হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (চ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধীন গণমিলনায়তনের বৈদ্যুতিক মেরামত কাজে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> উপজেলা পরিষদের মালিকানাধীন গণমিলনায়তনের বৈদ্যুতিক মেরামত কাজে ব্যয়িত- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ছ) চেয়ারম্যান, তাড়ল ইউনিয়ন পরিষদ, দিরাই সভায় জানান তাঁর ইউনিয়নের অধিকাংশ বোর জমি পানি সেচের অভাবে পতিত রয়ে যায়। এই হাওরে যদি পানি সেচের জন্য নদী/খাল খনন করা যায় তবে হাওরের বোর ফসল চাষ বহুগুন বৃদ্ধি পাবে। প্রান্তিক কৃষকগণের সুবিধার্থে তাঁর ইউনিয়নে নদী/খাল খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় অনুরোধ জানান।<br>ডসদ্ধান্ত ঃ তাড়ল ইউনিয়ন পরিষদের নদী/খাল খননের জন্য উপজেলা সেচ কমিটির সাথে যোগাযোগ করার জন্য চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সেচ কমিটি, দিরাই/ চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই |
| | (জ) উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধীন চন্দ্রমল্লিকা ভবনের দরজা-জানালা মেরামত কাজে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> উপজেলা পরিষদের মালিকানাধীন চন্দ্রমল্লিকা ভবনের দরজা-জানালা মেরামত কাজের ব্যয়িত ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হাফিজুর রহমান তালুকদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

> "উন্নয়নের গণতন্ত্র
> শেখ হাসিনার মূলমন্ত্র"

**দিরাই উপজেলা পরিষদ**
সুনামগঞ্জ জেলা।

স্মারক নং- ০৫.৪৬.৯০২৯.০০০.১০.০০১.১১-১০০(৪২) তারিখ ঃ ১৩/১২/২০১৮খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। ড. জয়া সেনগুপ্তা, মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২। সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, সুনামগঞ্জ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
০৭। মেয়র, দিরাই পৌরসভা।
০৮। উপজেলা ---------------------------------------------------------------- অফিসার (সংশিষ্ট সকল), দিরাই।
০৯। চেয়ারম্যান------------------------------------------------------------------ ইউ/পি (সকল), দিরাই।
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

১৩/১২/১৮
(শরিফুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

| পরিশিষ্ট "ক" | |
|---|---|
| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা |
| ০১। জনাব মোঃ হাফিজুর রহমান তালুকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০২। বেগম ছবি চৌধুরী, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিরাই। | ০২। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৩। জনাব গোলাপ মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই। | ০৩। উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৪। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই। | ০৪। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৫। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই। | ০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৬। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই। | ০৬। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৭। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই। | ০৭। উপজেলা যুবউন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৮।চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই। | ০৮। উপজেলা পঃপঃ কর্মকর্তা, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৯। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই। | ০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ১০। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই। | ১০। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ। |
| ১১। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই। | ১১। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ১২। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ১৩। উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার, প্রকল্প দিরাই, সুনামগঞ্জ। |

| পরিশিষ্ট "খ" | |
|---|---|
| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা |
| ০১। মেয়র, দিরাই পৌরসভা। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্ত, দিরাই, সুনামগঞ্জ। |
| ০২। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউপি, দিরাই। | ০২। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৩। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই। | ০৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ০৪। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ০৫। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই। |